গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

# সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৭/২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) গত গত ২৫ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অধীন সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যপত্র উপস্থাপন করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাভিত্তিক সমন্বয়-সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কার্যক্রম | মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ অর্থবছরের চূড়ান্ত প্রতিবেদন APAMS সফটওয়্যারে দাখিল করেছে। পাশাপাশি ২০২৩-২৪ অর্থবছরের স্বাক্ষরিত APA চুক্তি ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থা কর্তৃক মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | অতিঃ সচিব (প্রশাসন), সকল সংস্থা প্রধান / উপসচিব (প্রশাসন-১) |
| ৩.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | আগামী ১৩ আগস্ট ২০২৩ তারিখে অভীষ্ট-১৪ বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালার ভেন্যু ও অংশগ্রহণকারীর সংখ্যা নির্ধারণের বিষয়েও আলোচনা করা হয়। | অভীষ্ট-১৪ বিষয়ক কর্মশালা আগামী ১৩ আগস্ট ২০২৩ তারিখে মৎস্য অধিদপ্তরের সমন্বয়ে সফলভাবে আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/ অতি সচিব (প্রাণি)/ যুগ্মসচিব (পরি-১) |
| ৩.৩ | সেবা-পদ্ধতি সহজিকরণ | দপ্তর/সংস্থা কর্তৃক ইতোপূর্বে সহজিকৃত সেবাসমূহ চলমান রাখাসহ ২০২৩-২৪ অর্থবছরে জরুরিভিত্তিতে কর্মশালা আয়োজনকরত: সিটিজেন'স চার্টার অনুযায়ী সেবা সহজিকরণের লক্ষ্যে সেবা চিহ্নিতকরণ এবং এ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। বর্ণিত কর্মশালায় মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্যদের উপস্থিতি নিশ্চিতকরণসহ ২০২২-২৩ অর্থবছরে প্রণীত ও চলমান সেবাসমূহের তথ্য আগামী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থা কর্তৃক ইতোপূর্বে সহজিকৃত সেবাসমূহ চলমান রাখাসহ ২০২৩-২৪ অর্থবছরে জরুরিভিত্তিতে কর্মশালা আয়োজনকরত: সিটিজেন'স চার্টার অনুযায়ী সেবা চিহ্নিতকরণ এবং এ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/সিস্টেম এনালিস্ট |
| ৩.৪ | ই-সেবা প্রবর্তন | দপ্তর/সংস্থা কর্তৃক ইতোপূর্বে প্রণীত ই-সেবাসমূহ চলমান রাখাসহ ২০২৩-২৪ অর্থবছরে জরুরিভিত্তিতে কর্মশালা আয়োজনকরত: ই-সেবা চিহ্নিতকরণ এবং এ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। বর্ণিত কর্মশালায় মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্যদের উপস্থিতি নিশ্চিতকরণসহ ২০২২-২৩ অর্থবছরে প্রণীত ও চলমান সেবাসমূহের তথ্য ও ভিডিও আগামী সভায় উপস্থাপনের বিষয়ে | দপ্তর/সংস্থা কর্তৃক ইতোপূর্বে প্রণীত ই-সেবাসমূহ চলমান রাখাসহ ২০২৩-২৪ অর্থবছরে জরুরিভিত্তিতে কর্মশালা আয়োজন করত: ই-সেবা চিহ্নিতকরণ এবং এ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া চলমান ই-সেবাসমূহের ভিডিও আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা | সংস্থা প্রধান |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়। | হয়। | |
| ৩.৫ | তথ্য-বাতায়ন হালনাগাদকরণ | এপিএ এর লক্ষমাত্রা অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্তিতে সকল দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন (জেলা/ উপজেলাসহ) নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থার ওয়েবসাইটে মাননীয় মন্ত্রী, সচিব ও দপ্তর প্রধান-এর ছবি আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | এপিএ এর লক্ষমাত্রা অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্তিতে সকল দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন (জেলা/ উপজেলাসহ) নিয়মিত হালনাগাদসহ দপ্তর/সংস্থার ওয়েবসাইটে মাননীয় মন্ত্রী, সচিব ও দপ্তর প্রধান-এর ছবি আপলোডের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৬ | আইন/ বিধিমালা প্রণয়ন | (ক) **"বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ (সংশোধন) আইন, ২০২৩"**: পশু ও পশুজাত পণ্য সংগনিরোধ আইন, ২০০৫ সংশোধনক্রমে পশু ও পশুজাত সঙ্গ নিরোধ আইন, ২০২২ খসড়া মন্ত্রিপরিষদ-বৈঠকে উপস্থাপনের নিমিত্ত সুপারিশের জন্য বিগত ১৬/১১/২০২২ তারিখে আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে কতিপয় পর্যবেক্ষনের আলোকে কার্যক্রম চলমান রয়েছে।<br>(খ). **''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২৩''**: বিলটি জাতীয় সংসদে উত্থাপনের জন্য ০৬/০৩/২০২৩ তারিখে জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়।<br>(গ) **বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০২৩** প্রস্তাবিত বিলের সাথে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত রয়েছে বিধায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৮২ অনুযায়ী বিলটি জাতীয় সংসদে উত্থাপনের পূর্বে মহামান্য রাষ্ট্রপতির সদয় সুপারিশ গ্রহণ করা হয়েছে। বিলটি জাতীয় সংসদে উত্থাপনের নিমিত্ত ১৬/০৭/২০২৩ তারিখে জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। | (ক) ''পশু ও **পশুজাত পণ্য সঙ্গনিরোধ** আইন, এ বিষয়ে সংসদীয় স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) এ সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) এ সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (আইন)/ সংস্থা প্রধান |
| ৩.৭ | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |
| ৩.৮ | অডিট আপত্তি | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত তথ্য পর্যালোচনায় দেখা যায়, প্রাণিসম্পদ অধিদপ্তরের অডিট আপত্তির সংখ্যা সবচেয়ে বেশি। নিয়মিত ত্রি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দপ্তর/সংস্থার অডিট আপত্তি কমানোর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান/ সহকারী সচিব (প্রশাসন-৪) |
| ৩.৯ | মামলা নিষ্পত্তি | দপ্তর/সংস্থার অনিস্পত্তিকৃত মামলা নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থার আইন বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রশাসনিক কাজে গতিশীলতা আনয়নে সলিসিটর উইং এর সাথে যোগাযোগ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | অনিষ্পত্তিকৃত মামলা নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত আইন বিষয়ক কর্মকর্তাকে সলিসিটর উইং এর সাথে যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (আইন) |
| ৩.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিতে পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত | অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান |

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক মন্ত্রণালয়ে প্রেরনের নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |
| ৩.১১ | ই-নথি | সকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি বিশেষত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর অগ্রগতির হার বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। | এ মন্ত্রণালয় এর অধীনস্থ সংস্থায় ১০০% ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। যেসকল দপ্তর/সংস্থা বিশেষত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর অগ্রগতির হার বাড়ানোর নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাপ্রধান |
| ৩.১২ | ইনোভেশন | মন্ত্রিপরিষদ বিভাগ হতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এ প্রেক্ষিতে সকল দপ্তর/সংস্থা কর্মশালার মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন। এছাড়া বর্ণিত কর্মশালায় মন্ত্রণালয়ের সচিবসহ ইনোভেশন টিম এর সদস্য, সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা কর্মশালা আয়োজনের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগ করত: মন্ত্রণালয়কে অবহিতকরণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া বর্ণিত কর্মশালায় মন্ত্রণালয়ের সচিবসহ ইনোভেশন টিম এর সদস্য, সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ সংস্থাপ্রধান (সকল) |
| ৩.১৩ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০২/০৭/২০২৩ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের বিপরীতে দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০২/০৭/২০২৩ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের বিপরীতে দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাপ্রধান (সকল) |
| ৩.১৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল | সকল দপ্তর/সংস্থা হতে ২০২৩-২৪ অর্থবছরের প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোড এবং ২য় অর্ধবার্ষিক এর মূল্যায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক গঠিত শুদ্ধাচার বিষয়ক বাছাই কমিটি, ২০২২-২৩ অর্থবছরে পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিদের তালিকা ও পুরস্কার প্রদানের মূল্যায়নসহ সকল তথ্য প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল দপ্তর/সংস্থা হতে ২০২৩-২৪ অর্থবছরের প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুসারে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক গঠিত শুদ্ধাচার বিষয়ক বাছাই কমিটি, ২০২২-২৩ অর্থবছরে পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিদের তালিকা ও পুরস্কার প্রদানের মূল্যায়নসহ সকল তথ্য মন্ত্রণালয়ে প্রেরনের নির্দেশনা প্রদান করা হয়। | যুগ্মসচিব (মৎস্য-১)/ সংস্থা প্রধান |
| ৩.১৫ | অভিযোগ নিষ্পত্তি | সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ বিধি মোতাবেক নিষ্পত্তিকরত: সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | সিটিজেনস চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/ উপসচিব(প্রশা-১) (মওপ্রা) |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১৬ | অনিষ্পন্ন পত্র/বিষয় | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |
| ৩.১৭ | নিয়োগ সংক্রান্ত | দপ্তর/সংস্থার নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর শূণ্যপদের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থার সর্বশেষ নিয়োগ কার্যক্রমের তথ্য প্রেরণ বিশেষত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিটিউটের শূণ্যপদের তথ্যসহ কতটি শূণ্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে তার তথ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |
| ৩.১৮ | বিবিধ | ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হবে। মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের ২০৪১ সালে লক্ষ্যমাত্রা অর্জনে বর্তমান অবস্থান, ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণে কি কর্মপরিকল্পনা/ রোডম্যাপ গ্রহণ করা হবে তার বিষয়ে আলোচনা করা হয়। | এ বিষয়ে আলাদা সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/৮/২৫

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়